

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের (৭ কলেজের জন্য) নিম্নলিখিত শূন্য পদগুলো পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের অফিসে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে :-

ক্রঃ নং	পদের নাম ও বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	প্রোগ্রামার টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ (এক)টি	প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি বিষয়ে ০৪ বৎসরের স্নাতকসহ সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেডে পাশ হইতে হইবে। সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি প্রতিষ্ঠানে সফটওয়্যার তৈরীর কাজে বাস্তব অভিজ্ঞতাসহ এ্যাসিস্টেন্ট প্রোগ্রামার হিসেবে ০৫(পাঁচ) বৎসর কাজ করার অভিজ্ঞতা থাকিতে হইবে। সরকারী বিশ্ববিদ্যালয়ে (পরীক্ষা সংক্রান্ত) সফটওয়্যার তৈরীর কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। পরীক্ষা সংক্রান্ত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে উপরে উল্লেখিত যেকোন শর্ত শিথিলযোগ্য হইতে পারে।
২.	এ্যাসিস্টেন্ট প্রোগ্রামার টাঃ ২২,০০০-৫৩০৬০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০২ (দুই)টি	প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি বিষয়ে ০৪ বৎসরের স্নাতকসহ সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেডে পাশ হইতে হইবে। সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি প্রতিষ্ঠানে সফটওয়্যার তৈরীর কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। সরকারী বিশ্ববিদ্যালয়ে (পরীক্ষা সংক্রান্ত) সফটওয়্যার তৈরীর কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর হইতে হইবে। পরীক্ষা সংক্রান্ত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে উপরে উল্লেখিত যেকোন শর্ত শিথিলযোগ্য হইতে পারে।
৩.	সেকশন অফিসার টাঃ ২২,০০০-৫৩০৬০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ (এক)টি	প্রার্থীকে অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রিধারী হইতে হইবে। সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেডে পাশ হইতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর হইতে হইবে। অধিকতর অভিজ্ঞতাসম্পন্ন যোগ্য প্রার্থীর ক্ষেত্রে বয়সের শর্ত শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ২৫-০৩-২০২০ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

